

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ শেষ আমল ভালো হওয়ার জন্য মহান আল্লাহর কাছে বিনয়-প্রার্থনা না করে নিজের কৃত ভালো আমলের উপর ভরসা করে বসে না থাকা আবশ্যক

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ تَرْكِ الِاتِّكَالِ عَلَى مَا يَأْتِي مِنَ الطَّاعَاتِ دُونَ الِابْتِهَالِ إِلَى الْخَالِقِ جَلَّ وَعَلَا فِي إِصْلَاحِ أَوَاخِرِ أَعْمَالِهِ

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْقَطَّانُ قَالَ: أَخْبَرَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا الْنُ جَابِرٍ قَالَ: سَمِعْتُ أَبَا عَبْدِ رَبِّ يَقُولُ: سَمِعْتُ مُعَاوِيَةَ الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: سَمِعْتُ أَبَا عَبْدِ رَبِّ يَقُولُ: سَمِعْتُ مُعَاوِيَةَ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّمَا الْأَعْمَالُ بِخَوَاتِيمِهَا كَالْوِعَاءِ إِذَا طَابَ أَسْفَلُهُ وَإِذَا خَبُثَ أَعلاه خَبُثَ أَسفله.)

الراوي: مُعَاوِيَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 340 ا خلاصة حكم المحدث: صحيح دون قوله: ((بخواتيمها)).

বাংলা

৩৪০. মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "শেষ আমলের মাধ্যমেই আমলসমূহ বিবেচ্য হয়। এটি ঐ পাত্রের ন্যায় যার উপরি অংশ ভালো হয়, নিচের অংশই ভালোই হয় আর উপরের অংশ খারাপ হলে, নিচের অংশও খারাপই হয়।"[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৪১৯৯; আব্দুল্লাহ বিন মুবারক, আয যুহদ: ৫৯৬; মুসনাদ আহমাদ: ৪/৯৪; তাবারানী আল কাবীর: ১৯/৮৬৬; মুসনাদুশ শিহাব: ১১৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটির ((بخواتیمها)) অংশ ছাড়া বাকী অংশকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন